

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ৫. ৪. ৭. যীশুর সাজদাকে উবুড় হওয়া বলা হল

বাইবেল থেকে আমরা জানছি যে, যীশু আল্লাহকে সাজদা করতেন, সাজদার মাধ্যমে আল্লাহর ইবাদত করতেন এবং সাজদারত অবস্থায় দুআ বা মুনাজাত করতেন।

মথি ২৬/৩৯: "And he went a little further, and fell on his face, and prayed, saying: তিনি কিছুদূর এগিয়ে গিয়ে মুখের উপর পড়লেন, অর্থাৎ সাজদা করলেন এবং দুআ করে বললেন…।" কিতাবুল মোকাদ্দসের অনুবাদ: "তিনি কিছু দূরে গিয়ে মাটিতে উবুড় হয়ে পড়লেন এবং মুনাজাত করে বললেন…।"

মার্ক ১৪/৩৫: "And he went forward a little, and fell on the ground, and prayed" অর্থাৎ "তিনি কিছু দূরে এগিয়ে গাঁয়ে মাটির উপর পড়লেন: সাজদা করলেন এবং দুআ করলেন"। কিতাবুল মোকাদ্দস: "তার পরে তিনি কিছু দূরে গিয়ে মাটিতে উবুড় হয়ে পড়ে মুনাজাত করলেন।"

আমরা দেখেছি, ঠিক এ বাক্যাংশকেই কিতাবুল মোকাদ্দসে অন্যান্য স্থানে 'সেজদা করা' বলা হয়েছে। কিন্তু এখানে উবুড় হওয়া বলা হয়েছে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13846

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন